সাটুরিয়া উপজেলাধীন হরগজ ইউনিয়ন পরিষদের মে/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভার তারিখ ঃ- ২৫.৫.২০২৩ খ্রিঃ।

সময় ঃ- ১১.০০ মিঃ।

সভার স্থান ঃ- হরগজ ইউনিয়ন পরিষদের হল রুম, সাটুরিয়া, মানিকগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট "ক"।

সভাপতি ঃ- জনাব মোঃ নুরুল ইসলাম, প্যানেল চেয়ারম্যান-১, হরগজ ইউনিয়ন পরিষদ, সাটুরিয়া, মানিকগঞ্জ।

অদ্য ২৫.৫.২০২৩ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় মে/২৩ মাসের মাসিক সভার দিন তারিখ ধার্য্য থাকায় এবং উপস্থিত সদস্যদের দ্বারা কোরাম হওয়ায় মোঃ নুরুল ইসলাম, প্যানেল চেয়ারম্যান-১, সাহেবের সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করেন। তিনি উপস্থিত সকলকে আলোচনায় অংশ গ্রহণের আহ্বান জানান। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | <u>বিভাগীয় কার্যক্রম</u><br>পরিবার পরিকল্পনা পরিদর্শক মহোদয়কে তাহার বিভাগীয় কার্যক্রম আলোচনার জন্য অনুরোধ করেন। তিনি তাহার বিভাগের গত এপ্রিল/২৩ মাসের কার্যক্রম বিশদ ভাবে আলোচনা করেন। আলোচনায় উপস্থিত সকল সদস্য সন্তোষ প্রকাশ করেন। পরবর্তীতে আরও ভাল করার জন্য অনুরোধ করেন। | ভাল করার জন্য অনুরোধ করেন | পরিবার পরিকল্পনা পরিদর্শক কর্মকর্তা। |
| ০২ | ইপট্রেজিং প্রসংগে সভাপতি সাহেব বলেন এলাকায় যাহাতে ইপট্রেজিং না হয় সে দিকে দৃষ্টি রাখার জন্য সকল সদস্য সদস্যা ও গ্রাম পুলিশদের অনুরোধ করেন। | বিষয় বস্তু প্রসংগে এলাকার জনগনকে উদ্বুদ্ধ করতে হবে। | সদস্য ও গ্রামপুলিশ। |
| ০৩ | বাল্য বিবাহ প্রসংগে সভাপতি সাহেব বলেন আমরা ইউনিয়নে যাহাতে বাল্য বিবাহ না হয় সে দিকে উপস্থিত সকল সদস্যদের অনুরোধ করেন এবং উপস্থিত সকল সদস্য সম্মতি প্রকাশ করেন। | বাল্য বিবাহ না হয় জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি প্যানেল চেয়ারম্যান ,সদস্য ও গ্রামপুলিশ। |
| ০৪ | বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্য জনাব আবদুল ছাত্তার বলেন যে, শিক্ষার গুনগত মান সন্তোষজনক নহে। শিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে সকলকে সার্বিক সহযোগী কামনা করেন। | শিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেক বিদ্যালয় পরিদর্শন করা এবং শিক্ষক ও অভিভাবক নিয়ে মাসিক সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্যানেল চেয়ারম্যান, হরগজ ইউনিয়ন পরিষদ, শিক্ষাঅফিস,সাটুরিয়া। |
| ৫ | অত্র ইউনিয়নের আইন শৃঙ্খলা প্রসংগে সভাপতি সাহেব জানতে চাইলে উপস্থিত সকল সদস্য ও সদস্যা বিষয়টি নিয়ে বিস্তারীত আলাপ-আলোচনা করেন। সভাপতি সাহেব আরও জানান যে, কোন এলাকার আইন-শৃঙ্খলা অবনতি হলে গ্রামপুলিশ এর মাধ্যমে ওয়ার্ড সদস্যকে অবহিত করিবেন। পরবর্তীতে ইউপি প্যানেল চেয়ারম্যান, থানার ভার প্রাপ্ত কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, উপজেলা চেয়ারম্যান মহোদয়কে অবহিত করার জন্য সভাপতি সাহেব সকলকে অনুরোধ করেন। | সিদ্ধান্ত গৃহীত হয়। | প্যানেল চেয়ারম্যান, সদস্য/সদস্যা ও গ্রামপুলিশ। |
| ৬ | পরিষদের গত এপ্রিল মাসের আয়-ব্যয় নিয়ে বিশদ ভাবে আলোচনা করা হয় এবং উহা সর্বসম্মতি ক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সিদ্ধান্ত গৃহীত হয়। | প্যানেল চেয়ারম্যান ও সদস্য বৃন্দু। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

# ৬নং হরগজ ইউনিয়ন পরিষদ

পোঃ হরগজ, উপজেলাঃ সাটুরিয়া, জেলাঃ মানিকগঞ্জ।

হরগজ ইউনিয়ন পরিষদের জুন/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরনী।

সভার তারিখ ঃ ২৫-০৫-২০২৩ইং।

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

স্থান ঃ হরগজ ইউপি কার্যালয়।

সভাপতি ঃ জনাব মোঃ আনোয়ার হোসেন খান

চেয়ারম্যান, হরগজ ইউনিয়ন পরিষদ।

সভা পরিচালনাকারীঃজনাব মোঃ ফারুক হোসেন,সচিব, হরগজ ইউনিয়ন পরিষদ।

<u>সভায় হাজিরা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য</u>

সভায় সভাপতি সাহেব সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি ইউপি সচিব কে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান।অতঃপর সভাপতির অনুরোধক্রমে ইউপি সচিব সভায় উপস্থিত সকল সদস্যদের কে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন।প্রথমেই ২৫ শে মে/ ২০২৩ মাসের সভার কার্যবিবরনী সভায় পাঠ করেন এবং আর কোন সংশোধনী আছে কিনা জানতে চাওয়া হয়।কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্য বিবরনী সর্বসম্মতিক্রমে দৃঢ়করন করা হয়। সভার আলোচ্য বিষয়াদি এবং গৃহিত সিদ্ধান্তসমুহ নিম্নে উপস্থাপন করা হলো।

| ক্র/নং | আলোচ্যসূচী | দপ্তর ওয়ারী আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভায় বিগত ২৫ শে মে/ ২০২৩ মাসের সভার কার্যবিবরনী সভায় পাঠ করেন এবং আর কোন সংশোধনী আছে কিনা জানতে চাওয়া হয় । এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সভায় বিগত ২৫ শে মে/২০২৩ মাসের সভার কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্য বিবরনী সর্বসম্মতিক্রমে দৃঢ়করন করা হয়। | চেয়ারম্যান, হরগজ ইউনিয়ন পরিষদ। |
| ২ | টিসিবি পন্য বিতরন | সভাপতি সাহেব, অদ্যকার সভায় সকলের দৃষ্টি আকর্ষন করে বলেন যে,৬নং হরগজ ইউনিয়ন পরিষদের আওতায় ২০২২-২০২৩ ইং অর্থ বছরে জুন/ ২০২৩ মাসের ৫১২ টি টিসিবি কার্ড ২ কেজি মসুর ডাল ,এবং ২ লিটার তৈল বিতরন করতে হবে । এ বিষয়ে উপস্থিত সদস্য ও সদস্যাদের মধ্যে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। সিদ্ধান্তঃ উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা করে নিয়ম অনুযায়ী ৫ম পর্যায়ে টিসিবি পন্য ২ কেজি মসুর ডাল ,এবং ২ লিটার তৈল বিতরন এর সিদ্ধান্ত | উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা করে নিয়ম অনুযায়ী ২ কেজি মসুর ডাল ,এবং ২ লিটার তৈল বিতরন এর সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, হরগজ ইউনিয়ন পরিষদ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গৃহিত হয়। | | |
| ৩ | ট্যাক্স আদায়ঃ | সভাপতি সাহেব, অদ্যকার সভায় সকলের দৃষ্টি আকর্ষন করে বলেন যে,৬নং হরগজ ইউনিয়ন পরিষদের আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে প্রায় ২৫% ট্যাক্স উত্তলোন করা হয়েছে ট্যাক্স কর্যক্রম চলমান আছে বাকি ৭৫% ট্যাক্স যেন উঠে আসেএবং কি কিছু বকেয়া পরে আছে সরকারের নির্দেশনা অনুযায়ী অবশ্যই বকেয়া ট্যাক্স আদায় করে হালনাগাদ করতে হবে। এ বিষয়ে উপস্থিত সদস্য ও সদস্যাদের মধ্যে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। | সিদ্ধান্তঃ উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা করে দ্রুত বকেয়া ট্যাক্স আদায়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান , হরগজ ইউনিয়ন পরিষদ। |
| ৪ | জন্ম/মৃত্যু নিবন্ধনঃ | সভাপতি সাহেব, অদ্যকার সভায় সকলের দৃষ্টি আকর্ষন করে বলেন যে,৬নং হরগজ ইউনিয়ন পরিষদের আওতায় জন্ম/মৃত্যু নিবন্ধন ০-১ বছরের শিশুর জন্ম/মৃত্যু নিবন্ধন অবস্যই করতে হবে। হরগজ ইউনিয়ন পরিষদের প্রতি মাসে জন্ম নিবন্ধন ২১টি এবং মৃত্যু নিবন্ধন ০৫ টি টার্গেট দেওয়া আছে।জন্ম/মৃত্যু নিবন্ধনের জন্য প্রতিটি ওয়ার্ডে মাইকিং করে ঢাক ঢোল পিটিয়ে এবং কি শুভেচ্ছা বার্তা দিয়ে আমন্ত্রন জানাতে হবে। এ বিষয়ে উপস্থিত সদস্য ও সদস্যাদের মধ্যে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। | উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা করে দ্রুত পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, ইউপি সদস্য,ও সকল বিভাগের কর্মকর্তা ও কর্মচারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |
| ৫ | সকল বিভাগের উন্নয়ন কর্মকান্ড বিষয়ে। | ১.ক) উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার জনাব মোঃ উজ্জল হোসেন খ)এফ,পি,আই জনাব মোঃ শফিকুল ইসলাম জানান যে, স্বাস্থ্য বিষয়ে জনগণ আগের চেয়ে সচেতন। আরো সচেতনতা বৃদ্ধির জন্য সকল ওয়ার্ডে স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারী কাজ করে যাচ্ছে। এছাড়াও বাল্য বিবাহ<br><br>হওয়ায় মা ও শিশু উভয় ঝুঁকিপূর্ণ ।<br><br>২। কৃষি সমপ্রসারন অধিদপ্তর এর আওতাধিন হরগজ ইউনিয়নের দায়িত্বে জনাব মোঃ শরিফুল ইসলাম বলেন যে আমরা নিরলশ ভাবে কৃষক দের সাথে কাজ করে য়াচ্ছি বর্তমানে কৃষকদের জমিতে ইরি ধান,পাটচাষ গুলো বেশি ধান ক্ষেতে কোন পোকা লাগছে কিনা অন্যান্য ফষলাদিতে কোন পোকা মাকরে ক্ষয় ক্ষতি করছে কিনা তা আমরা জমিতে গিয়ে দেখা শোনা করছি। এ বিষয়ে উপস্থিত সদস্য ও সদস্যাদের মধ্যে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়।<br>। | বাল্যবিবাহ বন্ধ করার সিদ্ধান্ত গৃহিত হয়এবং অন্যান্য দপ্তরিক কাজ সঠিক ভাবে করার সিদ্ধান্ত গৃহিত হয়। | বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারিবৃন্দ। |
| ৬ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ টুর্নামেন্ট অনুবর্ধ-১৭ | সভাপতি সাহেব, অদ্যকার সভায় সকলের দৃষ্টি আকর্ষন করে বলেন যে,৬নং হরগজ ইউনিয়ন পরিষদের আওতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ টুর্নামেন্ট অনুবর্ধ-১৭ প্রতিযোগীতায় অংশ গ্রহন করতে হবে । এ বিষয়ে উপস্থিত সদস্য ও সদস্যাদের মধ্যে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। | উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা করে নিয়ম অনুযায়ী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ টুর্নামেন্ট অনুবর্ধ-১৭ প্রতিযোগিতায় অংশ গ্রহনের এর সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, হরগজ ইউনিয়ন পরিষদ। |
| ০৭ | বিবিধ | বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্য জনাব শফিকুল ইসলাম বলেন যে, শিক্ষার গুনগত মান সন্তোষজনক নহে। শিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে সকলকে সার্বিক সহযোগী কামনা করেন। | শিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেক বিদ্যালয় পরিদর্শন করা এবং শিক্ষকদের নিয়ে আলোচনা করা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, হরগজ ইউনিয়ন পরিষদ, শিক্ষা অফিস, সাটুরিয়া। |

অতঃপর আর কোন আলোচনা না করে সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ দিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

জনাব মোঃ আনোয়ার হোসেন খান
চেয়ারম্যান
হরগজ ইউনিয়ন পরিষদ
সাটুরিয়া, মানিকগঞ্জ।